



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)
বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
ফোনঃ ০২- ৫৫০১৩৭২৬-২৮; ই-মেইলঃ info@nhrc.org.bd

স্মারক নং: এনএইচআরসিবি/প্রেস:বিজ্ঞ:/-২৩৯/১২-৭৬

তারিখ: ২৭ অক্টোবর ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি-

সম্প্রতি গণমাধ্যমে প্রকাশিত দুটি ঘটনায় কমিশনের দৃষ্টি আকৃষ্ট হয় এবং কমিশন স্বতঃপ্রণোদিত হয়ে ঘটনা দুটি আমলে নেয়।

ঘটনা ০১- সৌদি আরবে নির্যাতনের শিকার হয়ে আবির্ভাব বেগমের নিহত হওয়ার ঘটনায় জাতীয় মানবাধিকার কমিশন তীব্র নিন্দা জ্ঞাপন করে। কমিশনের চেয়ারম্যান নাছিমা বেগম এনডিসি মনে করেন, ঘটনাটি অত্যন্ত নির্মম এবং এতে মানবাধিকারের চরম লঙ্ঘন হয়েছে। কমিশন থেকে এ ঘটনা অনুসন্ধানের জন্য অবৈতনিক সদস্য নমিতা হালদার এনডিসি-কে সদস্য করে এক সদস্যবিশিষ্ট তথ্যানুসন্ধান কমিটি গঠন করে ১৫ কার্যদিবসের মধ্যে প্রতিবেদন দাখিলের জন্য বলা হয়।

ঘটনা ০২- ঢাকার গুলশানে প্রাইভেট কারের ধাক্কায় বান্দরবান সরকারি কলেজের শিক্ষার্থী পপি ত্রিপুরা নিহত হয়। গণমাধ্যম সূত্রে জানা যায়, যেই গাড়ির ধাক্কায় পপি ত্রিপুরার মৃত্যু হয় সেই গাড়িটি চালাচ্ছিল একজন অপ্ৰাপ্তবয়স্ক ড্রাইভিং লাইসেন্সবিহীন ব্যক্তি। কমিশন উক্ত ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করে ঘটনার সত্যতা নিরূপণের জন্য উপ-পরিচালক (ঢাকা বিভাগ)-কে তদন্তের দায়িত্ব প্রদান করে ০৭ কার্যদিবসের মধ্যে প্রতিবেদন দাখিলের জন্য নির্দেশনা দেয়।

ধন্যবাদান্তে,

ফারহানা সাঈদ

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ